গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
আইসিটি শাখা

"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"

...

| | |
|---|---|
| সভাপতি | ফরিদা পারভীন<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ১০/০৬/২০২১ |
| সভার সময় | ১১.০০ ঘটিকা |
| স্থান | ভার্চুয়াল প্লাটফর্ম |
| উপস্থিতি | পরিশিষ্ট- ক |

সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি ইনোভেশন সংক্রান্ত সভা এবং নলেজ শেয়ারিং সেশনের কার্যক্রম শুরু করেন। কোন সংশোধনী না থাকায় পরবর্তী সভার কার্যবিবরণী সর্বসম্মতি ক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে প্রোগ্রামার (ইনোভেশন টীমের সদস্য সচিব) সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় আলোচ্য সূচি ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

**০১। আলোচ্য বিষয়ঃ**

২০২০-২০২১ অর্থবছরের ইনোভেশন এর বাস্তবায়নাধীন আইডিয়া সমূহ সেবা স্কেলআপ/রেপ্লিকেশন

**আলোচনাঃ**

১১ মে ২০২১ তারিখে ইনোভেশন শোকেসিং এ ০৭টি আইডিয়া হতে নির্বাচিত সেরা আইডিয়া সমূহ নিয়ে সভায় আলোচনা হয়। সভাপতি সভায় উপস্থিত দপ্তরের ইনোভেশন টীম এবং উপস্থিত উদ্ভাবকগণকে স্কেলআপ, রেপ্লিকেশন সংক্রান্ত পরিকল্পনা উপস্থাপন করায় জন্য অনুরোধ জানান। মহিলা বিষয়ক অধিদপ্তর, ইনোভেশন টীমের সদস্য সচিব জানান মহিলা বিষয়ক অধিদপ্তরের আইডিয়াসমূহ স্কেলআপ করার ব্যাপারে ইতিমধ্যে কর্মপরিকল্পনা নেয়া হয়েছে এবং এ ব্যাপারে ছক প্রণয়ন করে চিঠি প্রেরণ করা হয়েছে।

সভাপতি পরবর্তীতে জাতীয় মহিলা সংস্থা (জামস) কে গৃহীত আইডিয়াকে স্কেলআপের পরিকল্পনা জানান। জাতীয় মহিলা সংস্থার আইডিয়াটির উদ্ভাবক ও বাস্তবায়কীয় উপসচিব তাহমিনা সুলতানা জানান, হোস্টেল অটোমেশনের কার্যক্রম ইতিমধ্যে শুরু হয়েছে। কিছু আবেদন অনলাইনে ইতিমধ্যে গৃহীত হয়েছে। MyGov এবং ekpay এর সাথে ইন্টিগ্রেশন শেষ হলে নাগরিক মহিলা সংস্থার ওয়েবসাইট এবং MyGov দুই জায়গা হতেই আবেদন করতে পারবেন এবং অনলাইনে পে করতে পারবেন। মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রতিনিধি জানান, এই হোস্টেল অটোমেশনটি যদি মহিলা বিষয়ক অধিদপ্তরের ৮টি হোস্টেল ব্যবহার করতে পারে তাহলে খুবই উপকার হবে।

সভাপতির অনুমতিক্রমে এ পর্যায়ে বাংলাদেশ শিশু একাডেমি ইনোভেশন আইডিয়ার অগ্রগতি ও ভবিষ্যৎ বাস্তবায়ন পরিকল্পনা সভাকে অবহিত করেন। বাশিএ'র প্রতিনিধি জানান অনলাইনে বাচ্চাদের অডিও, ভিডিও, ভিজ্যুয়াল ও বাংলাদেশের সংস্কৃতি, ইতিহাস বিভিন্ন ইন্টারেক্টিভ কুইজের মাধ্যমে পরিচালনার পরিকল্পনা নেয়া হবে। এক্ষেত্রে

সফটওয়্যার প্রস্তুত করা লাগবে। বাশিএ'র এর প্রতিনিধি জানান, এছাড়াও বিভিন্ন বিভাগে অনলাইনে কুইজ পরিচালনার জন্য পত্র প্রেরণ করা হয়েছে। তিনি জানান, কিছু চ্যালেঞ্জ থাকা সত্তেও বাচ্চারা এ ব্যাপারে অনেক আগ্রহ প্রকাশ করছে।

সভাপতির অনুমতিক্রমে এ পর্যায়ে জয়িতা ফাউন্ডেশনের উদ্ভাবনী আইডিয়া 'আনন্দমেলা জয়িতা ফেসবুক পেজ থেকে বর্তমানে সকল কার্যক্রম নতুন ই-কর্মাস প্ল্যাটফর্ম ই-জয়িতা তে নেয়া হয়েছে। প্রোগ্রামার ও ইনোভেশন টীমের সদস্য সচিব জানান, ইনোভেশন আইডিয়া সমূহের কর্মপরিকল্পনায় কোন পরিবর্তন আনলে তা অবশ্যই মন্ত্রণালয়ের ইনোভেশন টীমকে অবহিত করা দরকার।

**সিদ্ধান্তসমূহঃ**

০১। দপ্তর/সংস্থা উদ্ভাবনসমূহের স্কেলআপ রেপ্লিকেশনের কর্মপরিকল্পনা মন্ত্রণালয়কে লিখিত আকারে প্রেরণ করবেন। বাস্তবায়নেঃ দপ্তর/সংস্থা'র ইনোভেশন টিম।

০২। জাতীয় মহিলা সংস্থার অনলাইনে হোস্টেলে সীট বরাদ্দের আবেদন ও অটোমেশন সফটওয়্যারটি ০৬ মাস ব্যবহারেরর পর  মহিলা বিষয়ক অধিদপ্তরের অন্যান্য হোস্টেল কর্তৃক ব্যবহারে করা যায় কিনা তা যাচাই করতে হবে। বাস্তবায়নেঃ মন্ত্রনালয় এবং দপ্তর/সংস্থা'র ইনোভেশন টিম।

০৩। বাংলাদেশ শিশু একাডেমি শিশুদের জন্য অনলাইনে কুইজ আয়োজন শীর্ষক উদ্ভাবনটির আওতায় ইন্টারেক্টিভ কুইজ সফটওয়্যার তৈরি করবেন। বাস্তবায়নেঃ বাংলাদেশ শিশু একাডেমি'র ইনোভেশন টিম ও সংশ্লিষ্ট উদ্ভাবক।

০৪। জয়িতা ফাউন্ডেশন ejoyeeta প্ল্যাটফর্ম তৈরির কর্মপরিকল্পনা মন্ত্রণালয়ের ইনোভেশন টীমকে অবহিত করবেন। বাস্তবায়নেঃ জয়িতা ফাউন্ডেশনের ইনোভেশন টিম।

**০৫। 'আমার সরকার (মাইগভ)' সংক্রান্ত নলেজ শেয়ারিং সেশনঃ**

**আলোচনা/ উপস্থাপনাঃ**

সভাপতির অনুমতিক্রমে এটুআই প্রকল্পের মাইগভ টীমের ইন্টিগ্রেশন এক্সপার্ট মনজুর আহমেদ নলেজ শেয়ারিং সেশনটির উপস্থাপনা শুরু করেন। তিনি পর্যায়ক্রমে মাইগভ প্ল্যাটফর্মটির পরিচিতি, র‍্যাপিড ডিজিটাইজেশন, এ সংক্রান্ত এটুআই এর কার্যক্রম সম্পর্কিত অবহিত করেন। তিনি আরোও জানান এ সংক্রান্ত একটি ওয়ার্কশপ এটুআই এর সহযোগীতায় মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কে নিয়ে আগস্ট মাসে হবে যেখানে দুত ডিজিটাইজেশন সম্ভব এমন সেবাসমূহকে মাইগভ আওতায় ডিজিটাইজ করা হবে। তিনি আরোও জানান, এখানে সফটওয়্যার প্রস্তুত সংক্রান্ত কোন খরচ নেই। উপস্থিত সকল উদ্ভাবক, ইনোভেশন টীমের সদস্য মাইগভ নলেজ শেয়ারিং সংক্রান্ত পরিচিতি সেশনটির ব্যাপারে সন্তোষ প্রকাশ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



ফরিদা পারভীন
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৩২.০০.০০০০.০৩৪.১৬.০০১.২০.৬৬

তারিখ: ৩ আষাঢ় ১৪২৮
১৭ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন (দৃঃ আঃ ইনোভেশন অফিসার)

২) মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর (দৃঃ আঃ ইনোভেশন অফিসার)

৩) মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি (দৃঃ আঃ ইনোভেশন অফিসার)

৪) নির্বাহী পরিচালক , জাতীয় মহিলা সংস্থা (দৃঃ আঃ ইনোভেশন অফিসার)

৫) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

৬) যুগ্মসচিব, পরিকল্পনা-২ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

৭) উপ-সচিব, বাজেট ও অডিট অধিশাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

৮) উপসচিব, উন্নয়ন-২ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

৯) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)

১০) অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

মোঃ ইনামুল হক
প্রোগ্রামার